# আসিফ মাহমুদসহ চারজনের বিরুদ্ধে দুদকের অনুসন্ধান



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ খতিয়ে দেখতে অন্তর্বর্তী সরকারের সাবেক যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়াসহ চারজনের বিরুদ্ধে অনুসন্ধান শুরু করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

বুধবার (২ সেপ্টেম্বর) দুদকের সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে।

সূত্র জানায়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রমে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ উঠেছে। এসব অভিযোগের সঙ্গে আসিফ মাহমুদ সজীব ভূঁইয়াসহ চারজনের কোনো সংশ্লিষ্টতা রয়েছে কি না, তা যাচাই করবে দুদক।

অভিযোগগুলোর সত্যতা যাচাইয়ের অংশ হিসেবে কমিশন আনুষ্ঠানিকভাবে অনুসন্ধান কার্যক্রম শুরু করেছে।

LENS ASIA